

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 29 May, 2025

ঢাকাই চলচ্চিত্রের আলোচিত ও জনপ্রিয় অভিনেতাদের অন্যতম একজন ছিলেন হুমায়ুন ফরীদি। বলা যায় তিনি ছিলেন একজন খলনায়ক, আবার নায়কের থেকেও অধিক। গুণী এই অভিনেতার জন্মদিন আজ (২৯ মে)।

১৯৫২ সালের ২৯ মে ঢাকার নারিন্দায় জন্মগ্রহণ করেন তিনি। বাবার নাম এটিএম নুরুল ইসলাম ও মায়ের নাম বেগম ফরিদা ইসলাম। পরিবারে চার ভাই-বোনের মধ্যে দ্বিতীয় ছিলেন হুমায়ুন ফরীদি। ছিলেন ইউনাইটেড ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্র। ১৯৭০ সালে চাঁদপুর সরকারি কলেজ থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষা দেন। একই বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্গানিক কেমিস্ট্রিতে স্নাতকের জন্য ভর্তি হন।

১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শুরু হলে পড়ালেখা বাদ দিয়ে অংশ নেন মুক্তিযুদ্ধে। দেশ স্বাধীন হয়। আর স্বাধীনতার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অর্থনীতি বিভাগে স্নাতক শুরু করেন হুমায়ুন ফরীদি। আর এই বিশ্ববিদ্যালয়ে পড়ার সময়েই অভিনয় প্রতিভার বিকাশ হয় তার।

এ সময় বিশিষ্ট নাট্যকার সেলিম আল দীনের কাছ থেকে নাট্যতত্ত্বে দীক্ষা নেন হুমায়ুন ফরীদি। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অবস্থায়ই ঢাকা থিয়েটারের সদস্যপদ লাভ করেন। তারপর এ নাট্যদল থেকে ধারাবাহিকভাবে মঞ্চনাটক করতে থাকেন।

অনবদ্য অভিনয়ের মাধ্যমে ঢাকা থিয়েটারের ‘শকুন্তলা’, ‘মুনতাসীর ফ্যান্টাসি’, ‘কীর্তনখোলা’, ‘কেরামত মঙ্গল’-এর মতো মঞ্চনাটকে অভিনয় করে অনন্য উচ্চতায় নিয়ে যান নিজেকে। জায়গা করে দর্শকহৃদয়ে।

গুণী এ অভিনেতার উল্লেখযোগ্য সিনেমার মধ্যে রয়েছে ‘একাত্তরের যিশু’, ‘সব্বাস’, ‘ব্যাচেলর’, ‘জয়যাত্রা’ ও ‘শ্যামলছায়া’ ইত্যাদি। কমার্শিয়াল ধাঁচের সিনেমায় খলনায়কের চরিত্রে অভিনয় করেও প্রশংসা কুড়িয়েছেন হুমায়ুন ফরীদি। ২০০৪ সালে ‘মাতৃ’ সিনেমার জন্য সেরা অভিনেতা হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন এ তারকা।

হুমায়ুন ফরীদি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:51

URL: <https://www.timestodaybd.com/entertainment/7045413103>